



শ্রেণি রিলিজ

বন্যা দুর্গত উত্তর পূর্বাঞ্চলের টেলিযোগাযোগ নেটওয়ার্ক পুনঃস্থাপনে বিটিআরসি কার্যকরী পদক্ষেপ, তিন জেলায় এ পর্যন্ত ৯৮৪ টি সাইট সচল
ঢাকা, ২২ জুন, ২০২২।

মোবাইল নেটওয়ার্ক:

সিলেট বিভাগের বন্যাকবলিত অঞ্চলের অধিবাসীদের সার্বিক সহায়তা প্রদানে মোবাইল নেটওয়ার্ক সম্পূর্ণরূপে সচল রাখার উদ্দেশ্যে সকল অপারেটরগণ অগ্রান্ত পরিশ্রম করে যাচ্ছে। অপারেটরদের অগ্রান্ত পরিশ্রম ও বন্যা দুর্গত এলাকার পানির পরিমাণ কিছুটা কমতে শুরু করায় অপারেটরদের অচল সাইট গুলো ক্রমাগত সচল হচ্ছে। বর্তমানে সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা এই তিনটি জেলায় মোট ২,৫২৮টি সাইটের মধ্যে ৭০৩ টি সাইট বিদ্যুৎ-বিচ্ছিন্ন হয়ে নেটওয়ার্কের আওতাভির্ভূত রয়েছে। তবে ইতোমধ্যে ৯৮৪ টি অচল সাইট অপারেটরদের সার্বিক প্রচেষ্টায় সচল করা হয়েছে। অবশিষ্ট অচল সাইট সমূহ অতিদ্রুত সচল হবে মর্মে আশা করা যাচ্ছে।

আইএসপি:

সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনাসহ সিলেট বিভাগের অন্যান্য এলাকাসমূহে বিভিন্ন ক্যাটাগরির মোট ১০৫টি আইএসপি অপারেটর সেবা প্রদান করে আসছে। উক্ত এলাকাসমূহে আইএসপি অপারেটরদের ৩৭৫টি Point of Presence (PoP) রয়েছে। উক্ত এলাকাসমূহে চলমান বন্যা পরিস্থিতির চরম অবনতি হওয়ায় সেসকল এলাকায় অবস্থিত আইএসপি অপারেটরদের নেটওয়ার্ক অপারেশন সংক্রান্ত স্থাপনাসমূহ প্রাণিত ও বিদ্যুৎ-বিচ্ছিন্ন হয়ে পড়েছে। যার প্রেক্ষিতে উক্ত এলাকাসমূহে ইন্টারনেট সংযোগ প্রাপ্তিতে সাময়িকভাবে প্রতিবন্ধকতা দেখা দেয়। বর্তমানে ৩৭৫ টি PoP-এর মধ্যে ৩৩৯টি PoP কার্যকর রয়েছে এবং বর্তমান বন্যা পরিস্থিতির কারণে ৩৬টি PoP অকার্যকর রয়েছে। সেসকল PoP সমূহে প্রবেশ করা যাচ্ছে সেসকল PoP পোর্টেবল জেনারেটর দিয়ে পরিষেবা প্রদান করা হচ্ছে।

এনটিটিএন:

বন্যাকবলিত সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার এলাকায় এনটিটিএন অপারেটরদের মধ্যে বাহন লি: এর ২৯টি POI, ফাইবার এট হোম লি: এর মোট ৫৭টি PoP রয়েছে যার সবকটিই active রয়েছে। ফাইবার এট হোম লি: এর মোট ৫৭টি PoP-এর মধ্যে সবগুলো PoP-ই এ্যাকটিভ রয়েছে। উল্লেখ্য যে, ফাইবার এট হোম লি: এর সুনামগঞ্জের পপটি গতকাল পর্যন্ত ইনএ্যাকটিভ অবস্থায় ছিল, কিন্তু আজকে প্রতিষ্ঠানটি উক্ত PoP টির প্রতিবন্ধকতা কাটিয়ে সচল রাখতে সক্ষম হয়েছে। অন্যদিকে এনটিটিএন অপারেটরদের মধ্যে সামিট কমিউনিকেশনস লিমিটেডের মোট ২৬২টি পয়েন্ট অব প্রেজেন্স (PoP) রয়েছে, তন্মধ্যে ১৩৭ টি এ্যাকটিভ রয়েছে। বন্যাপ্রাণিত এলাকায় অবস্থিত অনেক সাইটে বিদ্যুৎ-বিচ্ছিন্ন হয়ে বন্ধ হয়ে যাওয়ায় উক্ত এলাকাসমূহে এনটিটিএন সংযোগ প্রাপ্তিতে সাময়িকভাবে ব্যাপক প্রতিবন্ধকতা দেখা দেয়। কিন্তু বর্তমানে সবগুলো এনটিটিএনই নিরবচ্ছিন্ন সংযোগ প্রদানে সক্ষম।

বিটিসিএল:

সিলেট শহরে ১৯ জুন ২০২২ খ্রি: তারিখে জেনারেটর রুমের পানি পাম্প দিয়ে সেচে বের করা হয় এবং টেলিটকের জেনারেটর ব্যবহারের জন্য বিকল্প পাওয়ার ক্যাবল সংস্থাপন করা হয়। দুইদিন সার্বক্ষণিক কাজ এবং নিরলস প্রচেষ্টার ফলে ১৯ জুন দুপুর ২টায় সিলেটের সাথে ঢাকার টেলিকমিউনিকেশনস ব্যবস্থা পুনরায় চালু করা সম্ভব হয়। বর্তমানে সিলেটের গোয়াইনঘাট উপজেলায় বিদ্যুৎ না থাকায় টেলিযোগাযোগ ব্যবস্থা বন্ধ আছে। জকিগঞ্জ ও কানাইঘাট বন্যার জন্য অপটিক্যাল ফাইবার ক্ষতিগ্রস্ত হওয়ায় টেলিযোগাযোগ বন্ধ আছে। এসব উপজেলা ছাড়া সিলেট জেলার অন্যান্য উপজেলায় বিটিসিএল এর টেলিযোগাযোগ ব্যবস্থা চালু আছে। একটি ক্ষতিগ্রস্ত উপজেলা, নবিগঞ্জ, সচল করার মাধ্যমে হবিগঞ্জ জেলার টেলিযোগাযোগ ব্যবস্থা সচল করা হয়েছে। মৌলভীবাজার জেলার জুড়ি উপজেলা ছাড়া সবকটি উপজেলায় টেলিযোগাযোগ ব্যবস্থা চালু আছে। বাংলাদেশ সেনাবাহিনীর সহযোগিতায় ২০ জুন ২০২২ খ্রি: তারিখে বিটিসিএল এর একটি টিম পোর্টেবল জেনারেটর ব্যবহার করে বিটিসিএল এর ভয়েস সার্ভিস অদ্য অর্থাৎ ২১ জুন ২০২২ খ্রি: তারিখে চালুসহ ইন্টারনেট সংযোগ সচল করতে সক্ষম হয়েছেন। বর্ণিত বিটিসিএল এর টিম সুনামগঞ্জ জেলার অন্যান্য উপজেলায় ভয়েস /ডাটা সার্ভিস সচল করার নিমিও নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

বিএসসিএল:

সিলেট স্থানীয় প্রশাসনের নিকট ২৩ টি VSAT হস্তান্তর করা হয়েছে। যার মধ্যে সিলেট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ০১টি, সিলেট ডিসি'র কার্যালয়ে ০২ টি এবং সিলেট সদর উপজেলার কার্যালয়ে ০১টি করে চালু করা হয়েছে।

মোবাইল নেটওয়ার্ক অপারেটর কর্তৃক প্রদত্ত বিশেষ প্যাকেজ:

সিলেট বিভাগের বন্যাকবলিত এলাকায় বাংলাদেশ তাদের গ্রাহকদের জরুরী প্রয়োজনে যোগাযোগের জন্য ফ্রি ১০ মিনিট ও ১০০ এমবি'র প্যাকেজ প্রদানের কার্যক্রম গ্রহণ করেছে এবং প্যাকেজটি আজ রাত ১২.০০ টা হতে চালু হবে। এছাড়াও টেলিটক সিলেট ও ময়মনসিংহ বিভাগের বন্যার্তদের জন্য ফ্রি ১৫ মিনিট, ২০ টি এসএমএস ও ৫০০ এমবি'র একটি প্যাকেজ ঘোষণা করেছে।

প্রাপক (সদয় কার্যার্থে):

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

বিতরণ (সদয় অবগতির জন্য):

- ১। সচিব, বিটিআরসি।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৩। ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৪। অফিস কপি।

অনুরোধক্রমে

২১/০৬/২০২২

মো: জাকির হোসেন খান

উপ-পরিচালক

মিডিয়া কমিউনিকেশন এন্ড পাবলিকেশন উইং
বিটিআরসি

যোগাযোগঃ ০২৫৫২২০২৮৪০

Email: zakirkhan@btrc.gov.bd